

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৪৭.০৪২.২৭.০০৮.১৭.৭২০

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ  
২৪ মে ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পিরোজপুর জেলা পরিষদের ৬নং ওয়ার্ডের সদস্য জনাব কামরুজ্জামান শিকদার এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে প্রতিবেদন প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, জনাব কামরুজ্জামান শিকদার জেলা পরিষদ নির্বাচনে পিরোজপুর জেলা পরিষদের ৬নং ওয়ার্ডের সদস্য পদে নির্বাচিত হন। জনাব কামরুজ্জামান শিকদার পিরোজপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল এর নারী ও শিশু মামলা নং ৬৯/২০০৪ এর এজাহার ভুক্ত আসামী। উক্ত মামলায় জনাব কামরুজ্জামান শিকদার এর বিরুদ্ধে যাবৎজীবন সাজা এবং ২০,০০০- (বিশ হাজার) টাকা জরিমানা করা হয় মর্মে এ্যাড. মোঃ শহীদুল ইসলাম, বাংলাদেশ সুপ্রীম কোর্ট অভিযোগ দাখিল করেছেন।

২। এমতাবস্থায়, জনাব কামরুজ্জামান শিকদার, সদস্য, ৬নং ওয়ার্ড, জেলা পরিষদ, পিরোজপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগটি তদন্তপূর্বক একটি প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

J.A. Zin  
28/05/2018  
(ড. জুলিয়া মঈন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

জেলা প্রশাসক  
পিরোজপুর।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

বরাবর,

সাঁচন,

স্থানীয় সরকার মন্ত্রণালয়,

বাংলাদেশ সাঁচনালয়, ঢাকা

বিষয়ঃ জেলা পরিষদ আইন ২০০০ এর ধারা ১০ (১)(গ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন।

ওজন,

যথায়গ সম্মানপূর্বক বিনীত নিবেদন আমি নিম্ন স্বাক্ষরকারী বাংলাদেশ সুপ্রীম কোর্টের একজন নিয়মিত আইনজীবী এবং পিরোজপুর জেলার সদর উপজেলার ১নং শিকদার মল্লিক ইউনিয়নের নির্বাচিত চেয়ারম্যান।

বিগত ২৮/১২/২০১৬ইং তারিখ অনুষ্ঠিতব্য জেলা পরিষদ নির্বাচনে ০৬নং ওয়ার্ডে কামরুজ্জামান শিকদার টিউনওয়ারেল প্রতিকে ২২টি ভোট পেয়ে সদস্য নির্বাচিত হল। অতি সম্প্রতি জানতে পারলাম কামরুজ্জামান শিকদার পিরোজপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল এর নারী ও শিশু মামলা নং ৬৯/২০০৪ (যাহা পিরোজপুর পুলিশ স্টেশন কেস নং ০৯ তারিখ ২০/০৫/২০০৪ হইতে উদ্ভূত) এর একজন এজাহার ভুক্ত আসামী। উক্ত ট্রাইবুনালের মাননীয় বিচারক বিগত ০৬/০৯/২০০৫ইং তারিখে রায় প্রদান করেন। যে রায়তে কামরুজ্জামান শিকদার সহ চারজনকে যাবৎজীবন সাজা এবং ২০,০০০/- টাকা জরিমানা করা হয়। পরবর্তীতে কামরুজ্জামান শিকদার ২০০৫ সালে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্টে প্রিমিনাল আপীল নং ৪১২১/২০০৫ দায়ের করে ০২/১০/২০১৭ইং তারিখে জামিন প্রাপ্ত হন। উক্ত আপীল মামলাতে বিচারিক আদালতের রায়কে মুগিত করা হয় নাই এবং উক্ত আপীল মামলা বর্তমানে চলমান।

কিন্তু উক্ত কামরুজ্জামান শিকদার তাহার মনোনয়নপত্রে উক্ত সাজা এবং মামলার কথা উল্লেখ না করে তাহার মনোনয়নপত্র দাখিল করে।

বিষয়টি আমলে নিয়া জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১০ অনুযায়ী তাহার বিরুদ্ধে ৭ দিনের মধ্যে ব্যবস্থা গ্রহণের জন্য বিনীতভাবে অনুরোধ করছি।


বাপঃ

১। মাননীয় সংসদ সদস্য, পিরোজপুর ০১

২। জেলা প্রশাসক, পিরোজপুর।

৩। জেলা পরিষদ চেয়ারম্যান, পিরোজপুর।


নিবেদনক



এ্যাড. মোঃ শহীদুল ইসলাম

রুম নং- ২২১ (মূল ভবন)

বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার ভবন, বাংলাদেশ  
সুপ্রীম কোর্ট, ঢাকা

প্রশাসন-১/২জেপ/স ও কা
নম্বর ২২৫ তারিখ ২১/৪/১৬

মুখ্য সচিব (প্রঃ)

জেলা পরিষদ প্রশাসনা
ফাইল নং
তারিখ